শিক্ষা প্রসঙ্গ

আজকের কাগজ

তারিখ 2 3 NOV 1992
পৃষ্ঠা ৬ কলাম ৮

02

### মাধ্যমিক শিক্ষা সংস্কার কমিটির প্রতিবেদন

# শিক্ষার উন্নয়নের জন্যে উচ্চ মাধ্যমিক স্তর বিলুপ্ত করা প্রয়োজন

মাধ্যমিক শিক্ষা সংস্কারের জন্যে একজন আন্তর্জাতিক বিশেষজ্ঞ ও পাঁচজন জাতীয় বিশেষজ্ঞের সমন্বয়ে গঠিত একটি বিশেষ দল গতকাল মাধ্যমিক শিক্ষা সম্পর্কে চূড়ান্ত খসড়া প্রতিবেদন পেশ করেছেন। প্রতিবেদনের সুপারিশে বলা হয়েছে, বর্তমান উচ্চ মাধ্যমিক অর্থাৎ একাদশ ও দ্বাদশ শ্রেণীকে মাধ্যমিক শিক্ষা ব্যবস্থার আওতায় আনা প্রয়োজন। ষষ্ঠ ও অষ্টম শ্রেণীকে মৌলিক শিক্ষার সঙ্গে অবিচ্ছেদ্যভাবে সংযুক্ত করতে হবে। নিরক্ষরতা দূর করার জন্যে পঞ্চম ও ষষ্ঠ শ্রেণীর ওপর গুরুত্ব দিতে হবে। গতকাল মাধ্যমিক শিক্ষা সংস্কারের ওপর আয়োজিত সেমিনারে এই খসড়া প্রতিবেদন পেশ করা হয়। শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমির উদ্দিন সরকার সেমিনার উদ্বোধন করেন। শিক্ষা সচিব শফিউল আলম উদ্বোধনী অধিবেশন সভাপতিত্ব করেন। ডঃ এফ কে চৌধুরী, অধ্যাপক মোহাম্মদ ইউনুস মিঞা এবং ডঃ একে জালাল উদ্দিন অনুষ্ঠানে বক্তব্য রাখেন।

এই খসড়া প্রতিবেদনের প্রাথমিক পর্বের কাজ ১ এপ্রিল শুরু হয়। পরিবার পরিকল্পনা, শিক্ষা ব্যবস্থাপনা অর্থায়ন, কারিকুলাম পাঠ্যপুস্তক উন্নয়ন, পরিদর্শন ও তত্ত্বাবধান, শিক্ষকদের প্রশিক্ষণ, শিক্ষা ব্যবস্থা ও মাধ্যমিক শিক্ষায় ছাত্রীদের অংশগ্রহণের মতো গুরুত্বপূর্ণ দু'টি বিষয় এই গবেষণায় আলোচনা করা হয়। সেমিনারটি তিনটি অধিবেশনে শেষ হয়। গবেষণাটি পরিচালনা করেন ডঃ একে জালাল উদ্দিন। সদস্য ছিলেন এ এইচ এম করিম, সালাম আখতার, এম এলতাস উদ্দিন, এম এ জব্বার ও নাজমুননেসা মাহতাব। খবর বাসস।